



সংশোধনী বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিভিল সার্ভিস
ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র
স্কেল পদোন্নতি পরীক্ষা, ফেব্রুয়ারি
২০২৬।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

পরীক্ষার সম্ভাব্য তারিখ: ১৭ মে ২০২৬
থেকে ২৫ মে ২০২৬
পরীক্ষার স্থান: ঢাকা
সময়: সকাল ১০.০০-দুপুর ১.০০ টা
বিকাল ২.০০- থেকে ৫.০০ টা

নথি নম্বর- ৮০.০০.০০০০.০০০.১১০.৩৮.০০০২.২৬-৩১

তারিখ: ০১ চৈত্র ১৪৩২
১৫ মার্চ ২০২৬

**বিষয় : বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা, ফেব্রুয়ারি ২০২৬ অনুষ্ঠান সংক্রান্ত
সংশোধনী বিজ্ঞপ্তি।**

বিগত ০১ মার্চ ২০২৬ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা, ফেব্রুয়ারি ২০২৬ এ অংশগ্রহণে ইচ্ছুক যোগ্য প্রার্থীদের নিকট থেকে Online -এ আবেদন আহ্বান করা হয়েছিল। সংশোধিত সময়সূচি মোতাবেক Online -এ আবেদন আগামী ৩১ মার্চ, ২০২৬ তারিখ রাত ১২:০০ মিনিট পর্যন্ত দাখিল করা যাবে।

২.০ বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী যে সকল প্রার্থীর চাকুরী স্থায়ী হয়েছে এবং যে সকল প্রার্থীর চাকুরীর মেয়াদ ০১ মার্চ ২০২৬ তারিখ ন্যূনতম ৪ (চার) বছর সম্পন্ন হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবেন।

৩.০ বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী Online -এ আবেদন করার পর স্পষ্ট আবেদনপত্রের Hard Copy আগামী ০২ মার্চ ২০২৬ তারিখ অর্থাৎ Online -এ আবেদন দাখিল করার পর থেকে ০২ এপ্রিল, ২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টার মধ্যে অবশ্যই সরাসরি সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করতে হবে। আবেদনপত্রের (Hard Copy) যথাস্থানে প্রার্থীর এবং তার পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর থাকতে হবে। প্রার্থীকে আবেদনপত্রের ০১ (এক) টি অনুলিপি তার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর Hard Copy প্রেরণ করলে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪.০ পরীক্ষার সম্ভাব্য তারিখ: ১৭ মে ২০২৬ থেকে ২৫ মে ২০২৬, পরীক্ষার স্থান: ঢাকা, সময়: সকাল ১০.০০-দুপুর ১.০০ টা বিকাল ২.০০- থেকে ৫.০০ টা। বিস্তারিত পরীক্ষার সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

৫.০ কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রাপ্ত আবেদনপত্রের Hard Copy যাচাই-বাছাইপূর্বক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক প্রার্থীর প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনান্তে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে তা পরীক্ষা অনুষ্ঠানের ১৫ (পনেরো) দিন পূর্বে কমিশনকে অবহিত করতে হবে। **নির্ধারিত তারিখের পরে কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, সরাসরি বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখ অর্থাৎ ০২.০৪.২০২৬ তারিখ এর মধ্যে Hard Copy পাওয়া না গেলে আবেদন বাতিল বলে গণ্য হবে।**

[দিলাওয়েজ দুরদানা]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
বিকল্প দায়িত্বে